# হাজারবার জুলাই ব্যবসায়ী বলা হলেও আপত্তি নেই: নাসীরুদ্দীন পাটওয়ারী




নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, তাদের ‘জুলাই ব্যবসায়ী’ বলে সমালোচনা করা হচ্ছে। তবে তিনি বলেন, “হাজারবার জুলাই ব্যবসায়ী বলা হলেও আমাদের আপত্তি নেই। কিন্তু আমরা টেন্ডারবাজির রাজনীতির অংশ হব না।”

মঙ্গলবার ( ১৫ জুলাই) সন্ধ্যায় বগুড়া শহরের সাতমাথা জিরো পয়েন্টে জুলাই স্মৃতিস্তম্ভের সামনে জেলা এনসিপি আয়োজিত এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বক্তব্যে তিনি অভিযোগ করেন, শিক্ষার্থীদের ওপর হামলা ও হয়রানির ঘটনা ঘটেছে। তার দাবি, এসব ঘটনার কারণে শিক্ষার্থীরা ক্ষুব্ধ এবং ভবিষ্যতে তারা নিজেদের অবস্থান আরও স্পষ্টভাবে তুলে ধরবে।

LENS ASIA

এইচএসসি পরীক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, কোনো ধরনের ভয় বা চাপের কাছে নতি স্বীকার না করে আত্মবিশ্বাসের সঙ্গে এগিয়ে যেতে হবে।

তিনি আরও দাবি করেন, দীর্ঘ সময় ধরে দেশের বিভিন্ন অঞ্চলের মানুষ বৈষম্য ও বঞ্চনার শিকার হয়েছেন। মেধা থাকা সত্ত্বেও অনেকেই আঞ্চলিক পরিচয়ের কারণে সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন বলেও মন্তব্য করেন তিনি।

রাজনৈতিক প্রতিপক্ষের সমালোচনা করে তিনি বলেন, একসময় যাদের অবাঞ্ছিত বলা হয়েছিল, এখন তারাই অন্যদের অবাঞ্ছিত বলছে। এটিকে তিনি সময়ের পরিহাস হিসেবে উল্লেখ করেন।